

# সেশনজট নিরসনসহ পাঁচ দফা দাবিতে কুবিতে বিশ্লেষণ

সংবাদ : প্রতিনিধি, কুবি (কুমিল্লা)

| ঢাকা, বুধবার, ২০ নভেম্বর ২০১৯

এবার সেশনজট নিরসনসহ ৫ দফা দাবিতে বিশ্লেষণ করেছে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) প্রত্তিতত্ত্ব বিভাগের শিক্ষার্থীরা। গত সোমবার সকাল থেকে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে বিভাগের শিক্ষার্থীরা এ বিশ্লেষণ ও অবস্থান কর্মসূচি পালন করে। পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিভাগটির শিক্ষকবৃন্দ ও আন্দোলনকারীদের একটি প্রতিনিধি দলের সঙ্গে আলোচনায় বসে শিক্ষার্থীদের দাবি মেনে নিয়ে সেশনজট কমানোর আশ্বাস দিলে অবস্থান কর্মসূচি প্রত্যাহার করে শিক্ষার্থীরা।

জানা যায়, কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের প্রত্তিতত্ত্ব বিভাগের ছয়টি ব্যাচ চলমান রয়েছে। বিভাগের প্রায় সবগুলো ব্যাচেই ৬ মাস থেকে দেড় বছরের সেশনজট রয়েছে। বিভাগের শিক্ষার্থীরা বার বার সেশনজট করিয়ে আনতে বিভাগের শিক্ষকদের কাছে আবেদন করলেও তার প্রতিফলন ঘটেনি। এরই প্রেক্ষিতে বিভাগের শিক্ষার্থীরা ক্ষুঁক্ষু হয়ে সোমবার বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে বিশ্লেষণ ও অবস্থান কর্মসূচি পালন করে। এতে তারা সেশনজট নিরসনে পর্দক্ষেপ নেয়াসহ

৫ দফা দাব উত্থাপন করে। দুবগুলো হলো  
 সেশনজট নিরসনের লক্ষ্যে নির্দিষ্ট সময়ে ৯ম  
 থেকে ১২ তম ব্যাচের পরীক্ষা সম্পন্ন, ব্যাচ  
 ভিত্তিক শিফট করে ক্লাস রুটিন প্রণয়ন, নির্দিষ্ট  
 অ্যাকাডেমিক ক্যালেন্ডার প্রণয়ন, ২৫  
 নভেম্বরের মধ্যে গণতান্ত্রিক প্রক্রিয়ায় আটস  
 অ্যান্ড হেরিটেজ সোসাইটির নির্বাচন সম্পন্ন এবং  
 প্রতি জোড় সেমিস্টার পরীক্ষা পরবর্তী এক  
 মাসের মধ্যে মাঠকর্ম ও ভাইবা শেষ করা।  
 বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)  
 অধ্যাপক ড. মো. আবু তাহের বলেন, ‘প্রত্বত্ত্ব  
 বিভাগের সেশনজট নিরসনের জন্য  
 বিশ্ববিদ্যালয়ের প্রশাসন থেকে যে পদক্ষেপ নিতে  
 হবে আমরা ওই পদক্ষেপগুলোই নেব।’